

ভালবাসার দুটি কবিতা

হৃষিত পুলকে

মোদা কথা : ভালবাসার দুর্বল লোভে
কিংবা কামানুভূতির উষ্ণ ডাকে নয়
হৃদয় ভাঙ শূন্য করতে
হৃদয় ভাঙ পূর্ণ করতে
বিমুক্ত যে মন হয় আশ্রয়ান, সময়-স্রোত
তারই সাথে মিলজুকে এক হয় সমুদ্রসঙ্গমে।

দুটি হৃদয় ঘনিষ্ঠ হয়
যায় অগম্যবিহারে।
যুগলযৌবল লীন হয় মধুপিঙ্গল
এক অনুচ্চবিবরে।
দুটি আনন্দপথ একহয় বার বার একহয়
সুখিত সুখ আর হৃষিত পুলকে।

মাহমুদুল হক সৈয়দ

উনিশ শ আটান্ন। পাহাড় ও সমুদ্র ঘেরা চট্টগ্রাম শহরে জন্ম। বেড়ে উঠেছেন পিতৃপুরুষের লোকালয়ে। সুগন্ধা নদীর কয়েক কিলোমিটার উত্তরে খালবিল নদীনালা আর সবুজ শ্যামলিমায় ঘেরা ঝালকাঠী জেলার সৌম্য-শান্ত ছায়া সুনিবিড় চাচইর গ্রামে। অবহেলা, অনাদর, অনিশ্চয়তায় কেটেছে শৈশব ও কৈশোর। তবুও গ্রামের ইস্কুলে সব সময় প্রথমস্থান অধিকারসহ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সমাপন। তারপর পারিবারিক চাপে ভাগ্যের খোঁজে রাজধানী শহর ঢাকায় আগমন। দিনে বিদেশি কোম্পানীতে খাটুনি আর রাতে পুরাতন সিটি কলেজে অনিয়মিত চার বছর পড়াশুনা। লন্ডনের রাইটার্স কলেজ থেকে আর্ট অব রাইটিং পয়েন্ট্রির উপর ব্রিটিশ আধুনিক কবি এলিসন চিজহোমের তত্ত্বাবধানে ১০০০ লাইন কবিতার সফল কোর্স সম্পন্ন করণ (১৯৯৪-১৯৯৫)।

আশির শুভ সূচনায় ইংরেজিতে লেখালেখি শুরু। মধ্য-আশি থেকে প্রবাস-খাটন শুরু এবং সে সময় থেকে বাংলায় লেখালেখিসহ জেদ্দা এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন সৃজনশীল কর্মকাণ্ডে জড়িয়ে পড়া। ইতোমধ্যে ইংরেজি বিশ্বসহ দেশ-বিদেশের বহু পত্রপত্রিকায় সাহিত্যকর্ম প্রকাশিত হয়েছে। ভাগ্যের হাতের পুতুল মাহমুদুল হক সৈয়দ কোন স্থির পেশায় থিতু হতে না পারলেও মধ্যপ্রাচ্যের বহুদেশে খাটাখাটুনির পর বর্তমানে সৌদিআরবের বহুজাতিক এএ তর্কি কর্পোরেশনের নির্বাহী কোম্পানী সচিব।

বিপরীত চিন্তা : বিশ্বাস-অবিশ্বাস (২০০১) বহুলালোচিত প্রবন্ধের জন্য অনাবাসী লেখকদের বিপ্রতীপ সমালোচনার স্বীকার হন। তবে বাঙালির নকশিকাঁথা (পাক্ষিক শৈলী) ও আমি যৌগিক কবিতা প্রকাশের পর সমাদৃত হন। ইংরেজিতে দ্য লোনসাম স্ট্রিট, ইনডেলিবল মেমোরিজ এবং চাচইর দ্য গ্রিন ভিলেজ কবিতা প্রকাশের পরও বর্হিবিশ্বে সমভাবে সম্মানিত হন।

সম্মাননা : ১৯৯৪ কানাডায় দ্য প্লাউম্যান সাহিত্য সম্মাননা। ১৯৯৫ আমেরিকার মিসিসিপিতে ২৫তম রাইটার্স আনলিমিটেড সম্মাননা। বইপত্র: দ্য মুন লাইট ফ্লাওয়ারস (১৯৯৬ প্রকাশক: শিল্পতরু প্রকাশনী) যৌগিক প্লাবনে কবিতা এবং তুমি (প্রকাশিতব্য)। সম্পাদন: কলরব, সুমনা ও আমর্শন সাহিত্য সাময়িকী। সম্পাদক : সায়কি সাহিত্যপত্র।

নি:সঙ্গতাপ্রিয় নাস্তি ও অভিমानी কবি মাহমুদুল হক সৈয়দ দীর্ঘদিন যাবত একাকিত্বের সুন্দরতা মাঝেই খুঁজছেন জীবনের অন্যথা কিংবা পূর্ণতা।

তোমাকে চাই

স্বপ্ন বিভোরে কিংবা অসার আবেগে নয়
চৈতন্যের গভীরতায় তোমাকে চাই।

মন স্থির করা প্রেমিক আমি
রাত্রিদিন অনুখন তোমাকে চাই।

অন্তরিত ইচ্ছায় পরাস্ত অন্তর্দেশ
নিবিড় চিত্তে তাই তোমাকে চাই।

প্রাণ ও আনন্দের অমিয় উৎসকে
খুঁজে পেতে তোমাকে চাই।

রক্ত কাঁপানো গোপান বোধকে
ভাগাভাগি করে নিতে তোমাকে চাই।

দিঘল জীবনের প্রতিটি সরেস মৈথুনে
প্রিয়তমা আমি শুধু তোমাকে চাই।